

ঘোড়া

তোমাকে কেউ চাবকে দিয়ে বলেছে দূর যেতেই হবে  
পরিখা কিংবা আগুনবলয় গ্রাহ্য হলে চলবে না  
দানাপানির মূল্যে তোমায় অনেক দূর যেতে হবে  
কোন স্বরাট চাবকে দিয়ে বলেছে তোর পরিচয়

আস্তাবলে থাকতে থাকতে নিঃশেষেই মুছে গেছে  
এখন শুধু ঘাড় উঁচিয়ে তীব্র ঘন চিৎকার  
বিপুল বেগে ছুটতে হবে পিঠের ওপর কার দেহ  
কখনো শব কখনো বা ডাকাত কিনা সন্দেহ

তোমাকে কেউ বলেছে — যা, ছুটতে ছুটতে মরতে হয়  
তবুও পথ পাড়ির পথ, খাঁড়ির পথ পেরিয়ে যা .....

দ্বৈতা চব্রবন্তী

